

জোতের আগজ

ঢাকা ■ শনিবার ■ ১৭ আগস্ট ২০১৯



বারি

যথাযোগ্য মর্যাদা ও দিনব্যাপী নানা কর্মসূচির মধ্য দিয়ে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে (বারি) গত ১৫ আগস্ট স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদতবার্ষিকী ও জাতীয় শোক দিবস পালিত হয়েছে। দিবসটি পালনের অংশ হিসেবে সকালে ইনস্টিটিউটের প্রধান ফটকে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন ইনস্টিটিউটের মহাপরিচালক ড. আবুল কালাম আযাদ। এ সময় ইনস্টিটিউটের পরিচালক, বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী, শ্রমিকরা উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি।

